দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মার্চ ২০১৭

জব ফেয়ার অনুষ্ঠিত

গত ১৮ মার্চ শনিবার ২০১৭ তারিখে বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারের পুষ্পগুচ্ছ হলে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) এবং বিজিএমইএ আয়োজিত জব ফেয়ার ২০১৭ অনুষ্ঠিত হয়। জব ফেয়ার ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এমপি। এ উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এমপি এবং অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন।

চিত্র ১: জব ফেয়ার ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ বক্তব্য প্রদান করছেন।

বিজিএমই্এ-এসইআইপি প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত অপারেটর ও আপস্কিল কর্মীদের চাকুরী প্রদানের লক্ষ্যে দিনব্যাপি এ জব ফেয়ারের আয়োজন করা হয়।

চিত্র ২: জব ফেয়ার ২০১৭ এ অংশগ্রহণকারীদের স্টল।

বেলা ১১.৩০ থেকে মধ্যাহ্ন বিরতির পূর্ব পর্যন্ত 'দক্ষতা ঘাটতির পূরণ হতে পারে উন্নয়নের চাবিকাঠি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। জব ফেয়ারে ৪০টি পোশাক তৈরির প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

Entrepreneurship Network - Wadhwani Way of Skills and Entrepreneurship Development Program শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালির সফল উদ্যোক্তা ভারতীয় বংশোদ্ভূত জনাব রমেশ ওয়াধওয়ানি ২০০০ সালে "Wadhwani Foundation" প্রতিষ্ঠা করেন যা সমগ্র ভারতে দক্ষতা উন্নয়নের মাধ্যমে উদ্যোক্তা তৈরির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই ফাউন্ডেশনটি বর্তমানে ভারতসহ ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, পূর্ব আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকা সরকারের সহায়তায় বিভিন্ন শিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে কর্পোরেট, মেন্টর, ইনভেস্টর তৈরিতে ভূমিকা রাখছে। মূলত অনলাইনে পরিচালিত বিভিন্ন কোর্সের মাধ্যমে জনগণকে প্রশিক্ষণ প্রদান করে চাকুরী/কর্মসংস্থানের জন্য এন্ট্রেপ্রেনারশীপ, দক্ষতা এবং ইনোভেশনের উন্নয়ন সাধন এ ফাউন্ডেশনের মূল উদ্দেশ্য।
২০১৬ সালের ফেব্রুয়ারীতে ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জনাব সুনিতা সিং এনএসডিসি সচিবালয় আগমন করে বাংলাদেশে দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা তৈরির প্রশিক্ষণে আগ্রহ প্রকাশ করেন।

এই সংখ্যায় উল্লেখযোগ্য

- জব ফেয়ার ২০১৭ অনুষ্ঠিত;
- 'Entrepreneurship Network-Wadhwani Way of Skills and Entrepreneurship Development Program' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত;
- KOICA এর প্রতিনিধিদের সাথে সভা অনুষ্ঠিত;
- আইএলও এর প্রতিনিধিগণের সাথে সভা অনুষ্ঠিত;
- আইএসসিসমূহের সভা অনুষ্ঠিত;
- ৯ম স্কিলস ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত;
- এনএসডিসি সচিবালয়ের পরিচালকের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত;
- সুদক্ষ, ওয়েস্ট এগ্রো লিমিটেড, ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেট, UNIDO মিশনের প্রতিনিধিগণের সাথে সভা অনুষ্ঠিত।

চিত্র ৩: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত কর্মশালায় ওয়াধওয়ানি ফাউন্ডেশনের ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের প্রতিনিধিগণ।

ভারতের হায়দ্রাবাদে গ্লোবাল সামিট সমাপ্তির পর বাঙ্গালুর ওয়াধওয়ানি ফাউন্ডেশনের দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক কার্যালয়ে ফাউন্ডেশনের কর্মকান্ড পরিদর্শন ও বাংলাদেশে তাদের কার্যক্রম নিয়ে আলোচনার জন্য ফাউন্ডেশনের আমন্ত্রণে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা ভারত সফর করেন এবং উক্ত প্রতিষ্ঠানটির কর্মকর্তাদের সাথে মতামত বিনিময়ে বাংলাদেশের দক্ষতা উন্নয়নে কোন কোন ক্ষেত্রে তারা সহায়তা করতে পারে যা কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়ক হবে তা বিস্তারিত আলোচিত হয়। এরই ধারাবাহিকতায় এনএসডিসি সচিবালয় এবং ওয়াধওয়ানি ফাউন্ডেশনের উদ্যোগে গত ৮ মার্চ ও ৯ মার্চ এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে দুইটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় ওয়াধওয়ানি ফাউন্ডেশনের ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের ম্যানেজিং ডিরেক্টর জনাব সুমন শাসমল এবং ফাউন্ডেশনের গ্লোবাল দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সহযোগী পরিচালক মিস প্রীতি সিং উপস্থিত ছিলেন।

চিত্র ৪: এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত 'Entrepreneurship Network- Wadhwani Way of Skills and Entrepreneurship Development Program' শীর্ষক কর্মশালা।

এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে সকল কর্মকর্তা ও কনসালটেন্টদের উপস্থিতিতে ৮ মার্চ এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে 'Entrepreneurship Network-Wadhwani Way of Skills and Entrepreneurship Development Program' শীর্ষক কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতি উল্লেখ করেন যে, বর্তমান সরকার বাংলাদেশের বিপুল শ্রমশক্তিকে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও কর্মমুখী শ্রম শক্তিতে পরিণত করার জন্য 'জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১' অনুমোদন করেছে। এই নীতিমালা বাস্তবায়নের জন্য সরকার দেশের সরকারি-বেসরকারি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের যথাযথ মান নিশ্চিতকরণ এবং দেশ ও বিদেশের শ্রম বাজারের চাহিদামাফিক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল গঠন করা হয়েছে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলকে সহায়তার নিমিত্ত সরকারি-বেসরকারি সংশ্লিষ্ট ব্যক্তিত্বের সমন্বয়ে 'এক্সিকিউটিভ কমিটি অব ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল' গঠন করা হয়েছে। এনএসডিসি ও ইসিএনএসডিসির নীতি ও সিদ্ধান্ত বাস্তবায়নে গঠিত 'জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয়' সাচিবিক সহায়তা প্রদান-সহ সরকারি, বেসরকারি ও এনজিও সমূহের মধ্যে সমন্বয়ের কাজ করছে।

চিত্র ৫: মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শন করেন ফাউন্ডেশন থেকে আগত প্রতিনিধিগণ।

তিনি আরো বলেন, সারাবিশ্বে দক্ষতাকে দুটি নির্দিষ্ট ক্ষেত্রে বিভক্ত করা যায়, যথা - বৈশ্বিক/সার্বজনীন (Global) দক্ষতা এবং দেশজ (Indigenous) দক্ষতা। বর্তমান দ্রুত পরিবর্তনশীল ও প্রযুক্তি নির্ভর বিশ্বের শ্রমবাজারে টিকে থাকার জন্য এ উভয় ধরনের দক্ষতা অর্জন জরুরী। এজন্য তিনি দক্ষতা উন্নয়নের জন্য সার্বজনীন স্ট্যান্ডার্ড ডেভেলপমেন্টের উপর গুরুত্ব আরোপ করেন।

চিত্র ৬: মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে মতামত বিনিময় করেন ফাউন্ডেশন থেকে আগত প্রতিনিধিগণ।

ফাউন্ডেশনের গ্লোবাল দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সহযোগী পরিচালক জনাব প্রীতি সিং "Wadhwani Foundation" শীর্ষক উপস্থাপন করেন এবং এ প্রতিষ্ঠানটির গঠন থেকে বর্তমান সময় পর্যন্ত কি কাজ করছে তা সংক্ষেপে উল্লেখ করেন। এ প্রতিষ্ঠান মূলতঃ নিম্নের তিন ক্ষেত্রে সহযোগিতা প্রদান করে থাকে, যথা:–

(১) এন্ট্রেপ্রেনারশীপ নেটওয়ার্ক
(২) স্কিলস নেটওয়ার্ক
(৩) পলিসি নেটওয়ার্ক

উপরের দুইটি নেটওয়ার্ক তৈরিতে তাদের টার্গেট পপুলেশন হলো স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র-ছাত্রীগণ। পলিসি নেটওয়ার্ক তৈরিতে তারা সরাসরি দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সাথে কাজ করে থাকে।

চিত্র ৭: ফাউন্ডেশন থেকে আগত প্রতিনিধিগণ কর্তৃক লালমাটিয়া মহিলা কলেজ পরিদর্শণ।

এন্ট্রেপ্রেনারশীপ নেটওয়ার্ক তৈরীতে এ সকল প্রতিষ্ঠান, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র-ছাত্রীদের থেকে উদ্যোক্তা হতে আগ্রহীদের সহযোগিতার লক্ষ্যে কিছু অন-লাইন কোর্স পরিচালনা করে যার মাধ্যমে তাদেরকে মেন্টরিংও করা হয়। এ পর্যন্ত প্রায় ১,০০,০০০ ছাত্র-ছাত্রী এন্ট্রেপ্রেনারশীপ নেটওয়ার্কের আওতায় এ সহযোগিতা পেয়েছে এবং তাদের অনেকে স্ব স্ব দেশে সফল উদ্যোক্তারূপে প্রতিষ্ঠিত হয়েছে।

২০১১ সালে ভারতে এ প্রতিষ্ঠানটি স্কিলস নেটওয়ার্ক তৈরি করে এবং ভারতের হরিয়ানা রাজ্যের ৭০টি স্কুলে প্রথম পাইলটিং করা হয়। ২০১৪ সালে এ প্রতিষ্ঠানটি ভারতে পলিসি নেটওয়ার্ক চালু করে এবং ২০১৫ সালে ভারতের দক্ষতা উন্নয়নের সর্বোচ্চ প্রতিষ্ঠানের সাথে পার্টনারশীপ স্থাপন করে।

চিত্র ৮: ফাউন্ডেশন থেকে আগত প্রতিনিধিগণ কর্তৃক বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (বিকেকটিটিসি) পরিদর্শন।

২০১৫ সালে মালয়শিয়া ও ইন্দোনেশিয়ায় তাদের নেটওর্য়াকিং এর কাজ শুরু করে এবং উক্ত বছরের মাঝামাঝি ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাথে প্রতিরক্ষা বাহিনীর দক্ষতা উন্নয়নে কিছু অন-লাইন কোর্স চালুকরণ ও নেটওয়ার্কিং কাজ চলমান রয়েছে। ২০১৬ সালে পূর্ব আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার কিছু দেশে তাদের নেটওর্য়াকিং এর কাজ শুরু করে এবং আগামী দুই থেকে তিন বছরের মধ্যে আরও ২৫টি দেশকে এ প্রতিষ্ঠানের নেটওয়ার্কিং এর আওতাধীন করার আশাবাদ প্রকাশ করেন।

উক্ত কর্মশালা শেষে ফাউন্ডেশন থেকে আগত প্রতিনিধিগণ মোট তিনটি কারিগরি ও সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

চিত্র ৯: ওয়াধওয়ানি ফাউন্ডেশনের গ্লোবাল দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সহযোগী পরিচালক জনাব প্রীতি সিং তার বক্তব্য প্রদান করছেন।

প্রথমে তারা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শন করেন এবং সেখানে উপস্থিত ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সাথে মতামত বিনিময় করেন। এরপর লালমাটিয়া মহিলা কলেজ পরিদর্শন করে এবং

সেখানে স্কিলস ডেভলাপমেন্ট সেন্টারের কার্যকলাপ দেখে সন্তোষ প্রকাশ করেন ।

চিত্র ১০: এনএসডিসি সচিবালয়ের অনুষ্ঠিত কর্মশালায় ফাউন্ডেশনের প্রতিনিধিদের সাথে মতামত বিনিময় করছেন কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারীগণ ।

লালমাটিয়া মহিলা কলেজ এর স্কিলস ডেভলাপমেন্ট সেন্টারে কম্পিউটার অফিস এপ্লিকেশন, গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া, ব্লক, বুটিক এন্ড প্রিন্টিং, ড্রেস মেকিং এন্ড টেইলারিং, ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন, বিল্ডিং এন্ড আর্কিটেকচারাল ড্রাফটিং ইত্যাদির উপর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন জাতীয় দক্ষতা মান বেসিক (৩৬০ ঘন্টা) ৩/৬ মাসব্যাপি কোর্স পরিচালিত হয় এবং এ সকল কোর্সের মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের অনেক ছাত্রী কলেজে পাঠকা-লীন সময় ছাড়াও উপাজর্ন করছে এবং তারা ভবিষ্যতে উদ্যোক্তা হওয়ার অদম্য ইচ্ছে ব্যক্ত করেছে। বিকেলে সফরকারী দলটি বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার পরিদর্শন করেন । অত্র প্রতিষ্ঠানটি কোরিয়া সরকারের আর্থিক সহায়তা প্রাপ্ত ও বাংলাদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুর‍্যো দ্বারা পরিচালিত ।

৯ মার্চ এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে সকাল ৯.০০টায় বিভিন্ন সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, পলিটেকনিক ইনস্টিটিউট, কলেজের প্রতিষ্ঠান প্রধান, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের চেয়ারম্যান, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে দ্বিতীয় কর্মশালাটি অনুষ্ঠিত হয়। ওয়াধওয়ানি ফাউন্ডেশনের গ্লোবাল দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সহযোগী পরিচালক জনাব প্রীতি সিং Wadhwani Foundation এর কার্যকলাপ সংক্ষেপে উপস্থাপন করেন ।

কর্মশালা সমাপ্তিতে এ প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট পরিদর্শন করেন এবং সেখানকার ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সাথে মতামত বিনিময় করেন । অতঃপর এনএসডিসি সচিবালয় এবং Wadhwani Foundation এর মধ্যে এন্ট্রেপ্রেনারশীপ নেটওয়ার্ক, স্কিলস নেটওয়ার্ক চালুকরণের লক্ষ্যে MoU স্বাক্ষর হয় ।

চিত্র ১১: এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা ও ওয়াধওয়ানি ফাউন্ডেশনের দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের ম্যানেজিং ডিরেক্টরের মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত ।

এনএসডিসি সচিবালয়ে এটুআই এবং KOICA এর প্রতিনিধির সাথে সভা

গত ২৮ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এটুআই প্রকল্পের প্রতিনিধি এবং KOICA প্রতিনিধিদের সাথে এক মতামত বিনিময় সভা অনুষ্ঠিত হয় ।

চিত্র ৯: এনএসডিসি সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এটুআই প্রকল্পের প্রতিনিধি এবং KOICA প্রতিনিধিদের সাথে অনুষ্ঠিত সভা

এটুআই প্রকল্পের প্রকল্প অফিসার জনাব কায়সার সজীব, পলিসি এক্সপার্ট জনাব আসাদুজ্জামান, KOICA, KIIC এর প্রতিনিধিগণ, এনএসডিসি সচিবালয়ের পরিচালক জনাব মোঃ শাহ আলম, উপ-পরিচালক জনাব মোঃ কামরুজ্জামান, স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) এর কনসালটেন্ট জনাব মধুসুদন সরকার ও জনাব আহসানুল হক প্রমুখ এ সভায় অংশগ্রহণ করেন ।

চিত্র ১৩ ঃ KOICA এর প্রতিনিধি তাদের প্রকল্পের চলমান কার্যাবলী উপস্থাপন করছেন।

দক্ষতা উন্নয়নের সাথে সম্পৃক্ত KOICA এর সার্বিক কার্যক্রম নিয়ে এ সভায় আলোচনা হয়। তাছাড়া KOICA এর চলমান ও ভবিষ্যৎ প্রকল্পসমূহের Implementation Strategy নিয়ে এ সভায় বিশদ আলোচনা হয়।

এনএসডিসি সচিবালয়ে আইএলও এর প্রতিনিধিদের সাথে সভা

১৪ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে আইএলও থেকে আগত জনাব কিশোর কুমার সিং, স্পেশ্যালিস্ট; জনাব মানস ভট্টাচার্য, জনাব হরিপদ দাস প্রমূখের সাথে অত্র প্রতিষ্ঠানের সিইও জনাব এ বি এম খোরশেদ আলম এবং উপপরিচালক জনাব মোঃ কামরুজ্জামানের সাথে সভা অনুষ্ঠিত হয়। আইএলও'র অর্থায়নে পরিচালিত স্কিলস্ ২১-এর প্রকল্পের কার্যক্রম সম্পর্কে এবং আইএলও-এ এনএসডিসি গৃহীত পূর্ববর্তী প্রকল্পসমূহের বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

আইএসসিসমূহের সাথে সভা

এগ্রোফুড সেক্টর আইএসসি

গত ২০ মার্চ ২০১৭ তারিখে ঢাকার গুলশানে অবস্থিত হোটেল আমারিতে এগ্রো ফুড আইএসসির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এগ্রো ফুড আইএসসির বোর্ড অব ডিরেক্টরস এ আইএসসির সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করা হয়।

টুরিজ্যম ও হসপিটালিটি সেক্টর আইএসসি

গত ২২ মার্চ ২০১৭ তারিখে ঢাকার গুলশানে অবস্থিত হোটেল আমারিতে টুরিজ্যম ও হসপিটালিটি আইএসসির সভা অনুষ্ঠিত হয়। এনএসডিসি সচিবালয়ের পক্ষ থেকে জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচালক এ মতামত বিনিময় সভায় অংশগ্রহণ করেন। সভায় টুরিজ্যম ও হসপিটালিটি সেক্টরে প্রস্তাবিত কিছু নতুন কোর্সের স্ট্যান্ডার্ড তৈরিকরণ ও তা উন্নয়নের জন্য বিস্তারিত আলোচনা হয়।

ইনফরমাল আইএসসি

গত ২১ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে ইনফরমাল আইএসসির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব এবিএম খোরশেদ আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয় এবং উপস্থিত ছিলেন ইনফরমাল আইএসসির চেয়ারম্যান ডঃ মুহাম্মদ ইব্রাহীম, ইনফরমাল সেক্টর আইএসসি'র সেক্রেটারি ও ঢাকা আহছানিয়া মিশনের টিম লীডার জনাব মোঃ আবদুছ ছাদেক ও প্রতিনিধিগণ, এনএসডিসি সচিবালয়ের পরিচালক (অর্থ ও প্রশাসন) জনাব মোঃ শাহ আলম, উপপরিচালক জনাব নেপাল চন্দ্র কর্মকার প্রমুখ উপস্থিত ছিলেন।

চিত্র ১৪: এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে ইনফরমাল আইএসসির সভা অনুষ্ঠিত।

এনএসডিসি সচিবালয়ের সাথে সমন্বয় বজায় রেখে ইনফরমাল সেক্টর আইএসসি একটি স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে কার্য পরিচালনা করছে। এ পর্যন্ত ২৫৬টি এনজিও দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট কার্যকলাপ সম্পাদন করে যাচ্ছে। এ আইএসসির দাপ্তরিক সুবিধা ও জনবলের পরিমান কিভাবে বৃদ্ধি করা যায় সে সর্ম্পকে তারা এনএসডিসি সচিবা-লয়ের নিকট সহযোগিতা কামনা করেন। সভায় B Skillful Project এর প্রতিনিধি তাদের গৃহীত প্রকল্পের দ্বারা ইনফরমাল আইএসসির গঠন ও শক্তিশালীকরণে উল্লেখযোগ্য কাজ এবং বাস্তবায়ন প্রক্রিয়া উপস্থাপন করেন। SDC (Swiss Agency for Development and Cooperation) প্রকল্পটির অর্থায়ন করছে। সভায় দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট নির্দিষ্ট কিছু এনজিওকে নির্বাচন করে NTVQF এর অনুসরণে কারিকুলাম উন্নয়নে, প্রশিক্ষণ ম্যানুয়াল ও ম্যাটেরিয়াল উন্নয়নে দায়িত্ব প্রদানের বিষয়ে ইনফরমাল সেক্টর আইএসসির সাথে এনএসডিসি সচিবালয় একযোগে কাজ করে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিরামিক সেক্টর আইএসসি

গত ২১ মার্চ ২০১৭ তারিখে ঢাকার গুলশানে অবস্থিত হোটেল আমারিতে সিরামিক সেক্টর আইএসসির সভা অনুষ্ঠিত হয়। এনএসডি-ডসি সচিবালয়ের পক্ষ থেকে জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচা-লক এ মতামত বিনিময় সভায় অংশগ্রহণ করেন।

সভায় সিরামিক সেক্টর আইএসসি শক্তিশালীকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা হয়।

ফার্মাসিটিক্যাল সেক্টর আইএসসি

গত ২০ মার্চ বিকাল ৬.০০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্টের আয়োজনে ফার্মাসিউটিক্যাল আইএসসির প্রতিনিধিগণ ও এনএনডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা, উপপরিচালকের উপস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট দ্বারা পরিচালিত ফার্মাসিউটিক্যাল সেক্টরের স্কিলস লেভেল নির্ণয়ের গবেষণাকর্মটির জন্য একটি ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠিত হয়।

৯ম স্কিল্‌স ডেভেলাপমেন্ট ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত

২০ মার্চ ২০১৭ তারিখে বিকাল ৩.০০টায় এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে Skill Development Working Group (SDWG) এর ৯ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যৌথভাবে সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম এবং আইএলও এর কান্ট্রি ডিরেক্টর জনাব শ্রীনিবাস রেড্ডি।

চিত্র ১৫: স্কিলস ডেভেলাপমেন্ট ওয়ার্কিং গ্রুপের ৯ম সভা অনুষ্ঠিত।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে জনাব রেড্ডি বিগত বছর অনুষ্ঠিত এনএসডিসির ৪র্থ সভার উল্লেখ করে বলেন যে, বর্তমান সরকার দক্ষতা উন্নয়নের উপর অধিক গুরুত্ব প্রদান করেছেন এবং এ লক্ষ্যে এনএসডিসি সচিবালয়কে এনএসডিসিএ/জাতীয় দক্ষতা উন্নয়ন অথরিটিতে পরিণত করার উদ্যোগ গ্রহণ করেছেন। বাংলাদেশ ইতোমধ্যে দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপের দরুন দেশে এবং আন্তর্জাতিক মহলে অনেক প্রশংসা পেয়েছে এবং বিগত বছর বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, এনসিসিডব্লিউই এবং এনএসডিসি সচিবালয়ের আয়োজনে ত্রিপক্ষীয় ঢাকা স্কিলস্ সামিট ২০১৬ সফলভাবে অনুষ্ঠিত হয়। এই সামিটে 'ঢাকা ডিক্লেরেশন ২০১৬' নামে দক্ষতা কার্যক্রমের উন্নয়নে ভবিষ্যতে গৃহীতব্য পদক্ষেপসমূহ আলোচনা করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রী এ সামিটের উদ্বোধনী অনুষ্ঠানে BBDN নামক বিজনেস ডিজ্যাবেলিটিস নেটওয়ার্ক উদ্বোধন করেন যা প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা উন্নয়ন কার্যক্রমে সরাসরি সংযুক্ত করা যাবে। সভাপতি জনাব এবিএম খোরশেদ আলম SDWG এর ৯ম সভার এজেন্ডা উল্লেখ করে বিগত ৮ম সভার কার্যবিবরণী সকলের নিকট তুলে ধরেন। উপস্থিত সকলের সম্মতিতে উক্ত কার্যবিবরণী অনুমোদন লাভ করে।

চিত্র ১৬: এনএসডিসি ৪র্থ সভার পর এনএসডিসি সচিবালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম উপস্থাপন করছেন সভাপতি এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা।

গত ৫ অক্টোবর তারিখে অনুষ্ঠিত এনএসডিসি ৪র্থ সভার গৃহীত সিদ্ধান্তসমূহের উল্লেখ করে তিনি বলেন যে, জাতীয় দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান আইন ২০১৭-এর খসড়া এখন মুখ্যসচিবের নেতৃত্বে গঠিত কমিটির সিদ্ধান্তের মাধ্যমে চূড়ান্তকরণের পর্যায়ে রয়েছে। বর্ণিত সভায় টিভিইটিতে প্রতিবন্ধী ব্যক্তির অন্তর্ভুক্তির কৌশলপত্র অনুমোদিত হয়। দুইটি নতুন সেক্টর যথা পাট ও পাটজাত পন্য আইএসসি এবং জাহাজ নির্মাণ ও রিসাইক্লিং আইএসসি গঠনের জন্য এনএসডিসিকে নির্দেশ দেয়া হয়। সভাপতি, এনএসডিসি সচিবাল-য়র প্রধান নির্বাহী কর্মকর্তা, এ দুইটি নতুন আইএসসি গঠনের জন্য সভায় উপস্থিত উন্নয়ন সহযোগীদের সার্বিক সহযোগীতা কামনা করেন। এনএসডিসি ও ইসিএনএসডিসি পুনর্বিন্যাস করার ব্যাপারে এবং এ কমিটিতে দুটিতে নতুন সদস্যদের অন্তর্ভুক্তির ব্যাপারে এনএসডিসি ৪র্থ সভায় আলোচনা হয় বলে তিনি জানান।

সভাপতি জানান যে ২০১৯ সালে রাশিয়ার কাজানে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড স্কিলস্ কম্পিটিশনে অংশগ্রহণের নিমিত্তে বাংলাদেশ WorldSkills International (WSI) এর সদস্যপদ লাভ করতে হবে এবং এজন্য তিনি সকলের সহযোগীতা কামনা করেন। WSI প্রতিষ্ঠানটির সদস্যপদ লাভের প্রক্রিয়াকে গতিশীল করতে আগামী এপ্রিল মাসের প্রথম সপ্তাহে ওয়ার্ল্ড স্কিলসের প্রেসিডেন্ট জনাব সাইমন বার্টলি ঢাকায় সফর করবেন বলে তিনি সভাকে অবহিত করেন।

চিত্র ১৭: স্কিলস ডেভেলাপমেন্ট ওয়ার্কিং গ্রুপের ৯ম সভায় উন্নয়ন সহযোগীগণ তাদের বক্তব্য প্রদান করছেন।

এ সভা শেষে সকল আইএসসিসমূহকে আগামী ৬০ দিনের মধ্যে তাদের স্ব স্ব বিজনেস প্ল্যান এনএসডিসি সচিবালয়ে প্রেরণের নির্দেশ দেওয়া হয়। SEIP, World Bank, KOICA, GIZ, BSEP, SUDOKHOO ইত্যাদি প্রকল্পসমূহের প্রতিনিধিগণ দক্ষতা উন্নয়নে তাদের স্ব স্ব অগ্রগতি উপস্থিত সকলের নিকট তুলে ধরেন। এনএসডিসি কর্মপরিকল্পনা (২য় পর্যায়)-এর মেয়াদ ৫ বছর-এর পরিবর্তে ১০ বছর মেয়াদী করার লক্ষ্যে এ কর্মপরিকল্পনা প্রণয়নকারী সরকারি দপ্তর, অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

এনএসডিসি সচিবালয়ের পরিচালকের (অর্থ ও প্রশাসন) বিদায় অনুষ্ঠান

১৯ মার্চ ২০১৭ তারিখে বিকাল ২.০০টায় এনএসডিসি সচিবালয়ের পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব আবু মোহাম্মদ আরিফ সিদ্দিকী-কে এনএসডিসি সচিবালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে তার পিএলআর এ গমন উপলক্ষ্যে অনাড়ম্বরপূর্ণ বিদায় সম্বর্ধনা দেওয়া হয়। এ বিদায় অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এন্এসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অনুষ্ঠান পরিচালনা করেন নবনিযুক্ত পরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব, জনাব শাহ আলম।

চিত্র ১৮: এনএসডিসি সচিবালয়ের পরিচালক জনাব আবু মোহাম্মদ আরিফ সিদ্দিকীকে বিদায় সম্বর্ধনা প্রদান।

বিগত ২০১৬ সালের আগস্ট মাসে জনাব আবু মোহাম্মদ আরিফ সিদ্দিকী দুর্নীতি দমন কমিশন থেকে বদলিপূর্বক এনএসডিসি সচিবালয়ের পরিচালক (প্রশাসন ও অর্থ) পদে যোগদান করেন এবং অত্র প্রতিষ্ঠানের প্রশাসন পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

চিত্র ১৯: এনএসডিসি সচিবালয়ের বিদায়ী পরিচালকের সাথে এনএসডিসি সচিবালয়ের কর্মকর্তা কর্মচারীগণ।

তাঁর বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব মোঃ কামরুজ্জামান, জনাব আব্দুল মাজেদ ও জনাব শুভ্রা রায়, উপ-পরিচালক, এনএসডিসি সচিবালয়। পরিশেষে সভাপতি ও উপস্থিত সকলে বিদায়ী পরিচালকের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে অনুষ্ঠানের সমাপ্তি করেন।

ওয়েস্ট এগ্রো লিমিটেডের প্রতিনিধিগনের সাথে সভা

বিগত ৫ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে Waste Agro Limited এর ম্যানেজিং ডিরেক্টর জনাব মোঃ মাহমুদুজ্জামান, পরিচালক জনাব সামিউল হকের মতামত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এগ্রো আইএসসিতে তাদের অংশগ্রহণ ও অন্তর্ভুক্তি সম্পর্কে আলোচনা হয়।

সুদক্ষ প্রতিনিধিদের সাথে সভা

গত ২৪ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে সুদক্ষ থেকে আগত প্রতিনিধি মোঃ সামসুল আলম, আইটি এন্ড কমিউনিকেশন, RTISC, জনাব অ্যালিস্টার ম্যানচার, বিশেষজ্ঞ এর সাথে এক সভা অনুষ্ঠিত হয় এবং এনএসডিসি সচিবালয়ের উপ-পরিচালক জনাব মোঃ কামরুজ্জামান ও সংযুক্ত কর্মকর্তা জনাব আখেরুজ্জামান সভায় উপস্থিত ছিলেন। RTISC এর নবগঠিত বোর্ড পরিচালকদের নেতৃত্বে আইএসসির চলমান কার্যক্রম নিয়ে এ সভায় আলোচনা করা হয়।

ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেটের সাথে সভা

গত ১৪ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধি জনাব টেরি এডুলকার এবং পরিচালক জনাব মোঃ শাহ্ আলম আলোচনায় অংশগ্রহণ করেন।

দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা

এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

চিত্র ২০: এনএসডিসি সচিবালয়ের ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধির সাথে সভা অনুষ্ঠিত ।

UNIDO -এর প্রতিনিধি জনাব প্রকাশ মিস্ত্র, প্রোগ্রাম অফিসার, ইভান, জ্যাকস জ্রোটান, গ্যানা ওয়াইসিকো, রিয়ে ভ্যাবায়েল প্রমূখ-এর সাথে এনএসডিসি সচিবালয়ের পরিচালক জনাব মোঃ শাহ আলম, উপ-পরিচালক জনাব নেপাল চন্দ্র কর্মকার ও জনাব মোঃ কামরুজ্জামান এ আলোচনায় অংশগ্রহণ করেন । Blended learning program development, e-learning material উন্নয়নের ব্যাপারে তাঁরা আগ্রহ প্রকাশ করেন ।

দক্ষতা উন্নয়নের সাথে সম্পৃক্ত ইউরোপিয়ান ইউনিয়নের চলমান কার্যক্রম ও প্রকল্প নিয়ে এতে আলোচনা হয় ।

ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেটের সাথে সভা

গত ৩০ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে জাতিসংঘের UNIDO মিশনের প্রতিনিধিগণ সাক্ষাৎ করেন ।

চিত্র ২২: জাতিসংঘের UNIDO মিশনের প্রতিনিধিগণের সাথে সভা ।

প্রধান উপদেষ্টা

জনাব এ বি এম খোরশেদ আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)

সম্পাদনা পরিষদ

জনাব মোহাম্মদ রেজাউল করিম
পরিচালক (যুগ্মসচিব)

জনাব আবু মোঃ আরিফ সিদ্দিকী
পরিচালক

জনাব নেপাল চন্দ্র কর্মকার
উপপরিচালক (সহযোগী অধ্যাপক)

জনাব মোঃ কামরুজ্জামান
উপপরিচালক

জনাব মোঃ আব্দুল মাজেদ
উপপরিচালক

জনাব শুভ্রা রায়
উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত)

সম্পাদক

জনাব নাহিদ আখতার শান্তা
গবেষণা কর্মকর্তা

সরকারি, বেসরকারি সংস্থার যেকোন দক্ষতা উন্নয়ন সম্পকির্ত সংবাদ, বিজ্ঞপ্তি, কর্মকান্ড থাকলে তা **‘দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমায়’** প্রকাশের জন্য এনএসডিসি সচিবালয়ের ঠিকানায় যোগাযোগের জন্য সবিনয় অনুরোধ করা হলো । দক্ষতা উন্নয়ন সংবাদ পরিক্রমা প্রতি মাসে এনএসডিসি সচিবালয় থেকে প্রকাশিত হয় ।

এনএসডিসি সচিবালয় (২য় তলা), টেলিকম ট্রেনিং সেন্টার, ৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮ কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত ।
টেলিফোন নম্বরঃ ৮৮৯১০৯১, ৮৮৯১০৯৩, ৮৮৯১০৯৬, ফ্যাক্সঃ ৮৮৯১০৯২, ইমেইলঃ nsdcsecbd@yahoo.com, ওয়েবসাইটঃ www.nsdc.gov.bd